

অভিযুক্ত জরুরি  
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)  
সদর কার্যালয়, বিআরটিএ ভবন  
নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।  
(এনফোর্সমেন্ট শাখা)  
[www.brta.gov.bd](http://www.brta.gov.bd)



স্মারকনং-৩৫.০৩.০০০০.০০২.৫৮.০১১.২০-৪১

তারিখঃ ২৬-০১-২০২৩খ্রিঃ।

### জরুরি বিজ্ঞপ্তি

বিষয়: ০১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে জাতীয় সংসদের ৫ ঠাকুরগাঁও-৩, ৩৯ বগুড়া-৪, ৪১ বগুড়া-৬, ৪৪ চাঁপাইনবাবগঞ্জ-২, ৪৫ চাঁপাইনবাবগঞ্জ-৩ এবং ব্রহ্মণবাড়িয়া-২ শূন্য আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত তারিখে যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত।

০১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে জাতীয় সংসদের ৫ ঠাকুরগাঁও-৩, ৩৯ বগুড়া-৪, ৪১ বগুড়া-৬, ৪৪ চাঁপাইনবাবগঞ্জ-২, ৪৫ চাঁপাইনবাবগঞ্জ-৩ এবং ২৪৪ ব্রহ্মণবাড়িয়া-২ শূন্য আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী অনুষ্ঠিতব্য নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ৩১ জানুয়ারি ২০২৩ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

(১) ট্রাক

(২) পিক আপ

০২। সে সাথে ৩০ জানুয়ারি ২০২৩ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

০৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তীদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয় পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয় পত্র থাকতে হবে) নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারি, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

(মোঃ হেমায়েত উদ্দিন)

উপপরিচালক (এনফোর্সমেন্ট)

ফোন:৫৮১৫৪৭০২২